



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট  
[www.bcc.gov.bd](http://www.bcc.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০৫.১২.০২০.২৩-৬৯৭৬

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৩ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ


**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম   | বেতন স্কেল/<br>গ্রেড                 | পদের<br>সংখ্যা | বয়সসীমা   | যোগ্যতা   |
|------|--|--------------------------------------|----------------|------------|---|
| (১)  | (২)  | (৩)                                  | (৪)            | (৫)        | (৬)   |
| ১.   | (ক) সহকারী প্রোগ্রামার<br>(খ) সহকারী ডেভেলপার<br>(গ) কো-অর্ডিনেটর (সার্ভিস রিলেশনসিপ)<br>(ঘ) কো-অর্ডিনেটর (আইসিটি কোর্স)<br>(ঙ) কো-অর্ডিনেটর (আইটিইএস কোর্স)<br>(চ) সহকারী প্রশিক্ষক   | টা: ২২০০০-<br>৫৩০৬০/-<br>(গ্রেড: ৯)  | ১৩<br>(তের)টি  | ৩০<br>বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়<br>হইতে কম্পিউটার সায়েন্স অ্যান্ড<br>ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার<br>ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স<br>বা কম্পিউটার সম্পর্কিত যে কোনো<br>বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা<br>সমমানের সিজিপিএ-তে স্নাতক বা<br>সমমানের ডিগ্রি; এবং<br><br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে স্যান্ডার্ড<br>অ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ;  |
| ২.   | (ক) অ্যাসোসিয়েট (BCP-DR)<br>(খ) অ্যাসোসিয়েট (পরিকল্পনা)<br>(গ) অ্যাসোসিয়েট (অডিট কমপ্লায়েন্স)<br>(ঘ) অ্যাসোসিয়েট (কনটেন্ট ব্যবস্থাপনা)<br>(ঙ) অ্যাসোসিয়েট (হেল্প ডেস্ক)<br>(চ) অ্যাসোসিয়েট (প্রশিক্ষক পুল ব্যবস্থাপনা)<br>(ছ) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>(জ) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার<br>(ঝ) সহকারী ইঞ্জিনিয়ার (ফ্যাসিলিটিজ অপারেশন) | টা: ২২০০০-<br>৫৩০৬০/-<br>(গ্রেড: ৯)  | ১০<br>(দশ)টি   | ৩০<br>বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়<br>হইতে কম্পিউটার সায়েন্স অ্যান্ড<br>ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার<br>ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স<br>বা ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স<br>ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক্স<br>ইঞ্জিনিয়ারিং বা টেলিকমিউনিকেশন<br>ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সম্পর্কিত<br>যে কোনো বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি<br>বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা<br>সমমানের ডিগ্রি; এবং<br><br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে স্যান্ডার্ড<br>অ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ; |
| ৩.   | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)   | টা: ১৬০০০-<br>৩৮৬৪০/-<br>(গ্রেড: ১০) | ০১<br>(এক)টি   | ৩০<br>বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে<br>সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা;<br>এবং<br><br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;  |
| ৪.   | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)   | টা: ১৬০০০-<br>৩৮৬৪০/-<br>(গ্রেড: ১০) | ০১<br>(এক)টি   | ৩০<br>বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে<br>ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ<br>ডিপ্লোমা; এবং<br><br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;  |

- সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> সাইটের মাধ্যমে আগামী ২৪ আগস্ট, ২০২৩ তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ে পরে কোনো আবেদন গ্রহণ করা হইবে না।
- বর্ণিত পদসমূহের জন্য ০১ জুলাই, ২০২৩খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হইতে হইবে। তবে শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে। মৌখিক পরীক্ষা গ্রহণকালে উক্ত কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করিতে হইবে;
৪. একই ক্রমিকের যেকোনো একটি পদে আবেদন করিলে, উক্ত ক্রমিক নম্বরের সকল পদে আবেদন করা হইয়াছে মর্মে বিবেচিত হইবে।
৫. পরীক্ষার ফি বাবদ সংশ্লিষ্ট ব্যাংকের সার্ভিস চার্জসহ ক্রমিক ০১নং ও ০২নং পদের প্রার্থীদের ৬১২(ছয়শত বার) টাকা এবং ক্রমিক ০৩নং ও ০৪নং পদের প্রার্থীদের ৫১২(পাঁচশত বার) টাকা DBBL Mobile Banking/bKash/Nagad-এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করিতে হইবে।
৬. নিয়োগের ক্ষেত্রে বিসিসির চাকুরি প্রবিধানমালা ও প্রযোজ্য ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হইবে।
৭. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
৮. কোনো কারণ উল্লেখ ছাড়াই এই নিয়োগ বিজ্ঞপ্তি অথবা নির্দিষ্ট কোনো পদে নিয়োগ নিয়োগকারী কর্তৃপক্ষ বাতিল করিতে পারিবে। এছাড়া নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।
৯. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় (ক) জাতীয় পরিচয়পত্র (খ) নাগরিকত্ব সনদপত্র (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঘ) প্রবেশপত্রের ফটোকপি (ঙ) আবেদনের প্রিন্ট কপি (চ) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি ও (ছ) শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধার সনদপত্র ও (জ) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র দাখিল করিতে হইবে।
১০. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

  
২৬ ০৭ ২০১৬  
মোহাম্মদ রাশেদুল ইসলাম  
সচিব (উপসচিব)